

বঙ্গভবন ১৯ মার্চ ২০২৩:

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত সৌদি আরবের রাষ্ট্রদূত ইসা ইউসুফ ইসা আল দুহাইলান।

সন্ধ্যায় বঙ্গভবনে সাক্ষাৎকালে সৌদি রাষ্ট্রদূত

বাংলাদেশের স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে

সৌদি আরবের বাদশা সালমান বিন আব্দুল আজিজ এবং ক্রাউন প্রিন্স ও প্রধানমন্ত্রী মুহাম্মদ বিন সালমানের শুভেচ্ছা পত্র হস্তান্তর করেন।

শুভেচ্ছা পত্রে সৌদি বাদশা বাংলাদেশের সরকার ও জনগণের অব্যাহত উন্নয়ন ও অগ্রগতি।

রাষ্ট্রপতি বলেন, সৌদি আরবের সাথে বাংলাদেশের সম্পর্ক অত্যন্ত চমৎকার। এ সম্পর্ক বিভিন্ন ক্ষেত্রে ক্রমাগতই বৃদ্ধি পাচ্ছে।

রাষ্ট্রপতি সম্প্রতি সৌদি আরবের বাণিজ্য মন্ত্রীর বাংলাদেশ সফরের কথা উল্লেখ করে বলেন এ সফরের ফলে দুই দেশের বাণিজ্য-বিনিয়োগ সম্ভবনার ক্ষেত্রে নতুন সম্ভাবনার দ্বার উন্মোচিত হলো। সফরকালে যে সমস্ত চুক্তি ও সমঝোতার স্মারক স্বাক্ষরিত হয়েছে এগুলো বাস্তবায়িত হলে দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ অনেক গুণ বৃদ্ধি পাবে।

বাংলাদেশের বিভিন্ন খাতে সৌদি বিনিয়োগকারীদের আরো বিনিয়োগে এগিয়ে আসার আহ্বান জানান রাষ্ট্রপতি আবদুল হামিদ।

রোহিঙ্গা ইস্যুতে সৌদি আরবের সহযোগিতার কথা উল্লেখ করে রাষ্ট্রপতি আশা করেন, রোহিঙ্গারা যাতে সম্মানের সাথে নিজ দেশে প্রত্যাবর্তন করতে পারে সে ব্যাপারে সৌদি আরব জোরালো ভূমিকা রাখবে।

রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব সম্পদ বডুয়া, সামরিক সচিব মেজর জেনারেল এস এম সালাহউদ্দিন ইসলাম, প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন এবং সচিব সংযুক্ত মোঃ ওয়াহিদুল ইসলাম খান এ সময় উপস্থিত ছিলেন।

পরে, শ্রীলংকার হাইকমিশনার সুদর্শন সেনেভিরলে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সাথে বিদায়ী সাক্ষাৎ করেন।

শ্রীলংকার বিদায়ী হাই কমিশনার দায়িত্ব পালনে সার্বিক সহযোগিতার জন্য রাষ্ট্রপতির প্রতি কৃতজ্ঞতা জানান।

সফলভাবে দায়িত্ব পালনের জন্য শ্রীলংকার বিদায়ী হাই কমিশনারকে ধন্যবাদ জানান রাষ্ট্রপতি আব্দুল হামিদ।

রাষ্ট্রপতির সচিবগণ এ সময় উপস্থিত ছিলেন।